

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৩৮(আগরতলা-১২।০১)
বিশালগড়, ১২ জানুয়ারী, ২০১৮

বিশালগড় বই মেলা
২৪ থেকে ২৮ জানুয়ারী

বিশালগড় পুর পরিষদের সভাগৃহে গতকাল ত্রয়োদশ বিশালগড় বইমেলা আয়োজক কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভানেত্রীত্ব করেন পুর পরিষদের চেয়ারপার্সন পূর্ণিমা চক্রবর্তী। এছাড়াও উপস্থিত ছিলেন বইমেলা আয়োজক কমিটির মুখ্য উপদেষ্টা তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা। সভায় সিদ্ধান্ত হয় আগামী ২৪ জানুয়ারী থেকে ২৮ জানুয়ারী অফিসটিলাস্থিত যুবক সংঘের মাঠে অনুষ্ঠিত হবে ত্রয়োদশ বিশালগড় বইমেলা।
